Types of published news: March-April 2007

In the month of March-April expedition of present government against corruption, illegal position eviction, expedition against corruption, terrorist activities, market price, development news, political, violence, democracy, education, fire, decline of law and order, women torture, rescue arms, stealing-robbery, meeting-seminar, expedition of joint forces, agriculture problem, extortion and other different reports have published in 2007. Journalists were stopped up to publish reports due to on weakness of law enforcement agency for the **e**mergency ordinance, feeling to relatives and legal forbidden conditions. To collect information journalists faced troubles from different offices and organizations. Some offices and organizations are avoiding by showing an excuse of emergency ordinance and official secrets act. After publishing a report on Char area outside of Bhola, district primary education officer didn't agree to give an interview cause of official secrets act, our Noakhali corresponded told.

Chitto Ranjon Sheel, District correspondent of Sangbad, Mushfiqul Islam Arif, District correspondent of RTV were harassed by a police constable and District judge, when they tried to collect information on the verdict of jangi (military) at district judge court in Barguna in the month of March.

But journalists of Feni, Pirojpur and Jhalokati didn't face any troubles from anywhere. There was no problem to collect information especially for the caretaker government and develop of law enforcement situation, said journalists of these districts.

Many journalists told that some negative impact was found after publishing reports but most of the reports were positive in this two months. Law enforcement agencies have taken newspaper as main source of assistance to take their initiatives. A women who didn't agree willingly to be prostitute, was rescued by a non-government organization named Rupantor. Rehabilitation for the losers of the project of Muhuri-Kahua damp inhabitation, proper action against authority for low quality work of Sonapur high school, rescue a widow's dead body, to stop loot of centre fee of SSC and Dakhil examination all these activities completed.

Some journalists expressed deep anxiety that some musclemen and political parties have taken their own advantages from journalists for the lack of unity of among the journalists community. Though journalists and press club have no unity but they have good relation with local and police administration and businessmen. No extremist activities on journalists in the local area were found. An extremist named Shoeb tortured on a woman and organized a press conference with the help of journalists to dishonor her.

TIB, Sacheton Nagorik Comittee, Mass-line Media Centre (MMC) and other non-government organizations caried out some promotional activities for professional development of journalists and develop of newspaper in this time except Feni district. They organized meeting, seminars, training, exchange opinion meeting and rally. PIB organized three-day workshop for concern on bird flow at Noakhali. Some districts have celebrated World Press Freedom Day.

সাংবাদিকদের প্রকাশিত সংবাদের ধরণ : মার্চ-এপ্রিল

বর্তমান সরকারের দুর্নীতি বিরোধী অভিযান, অবৈধ স্থাপনা উচ্ছেদ, ভেজাল বিরোধী অভিযান, জঙ্গী কর্মকান্ড, বাজারদর, উন্নয়ন সংবাদ, রাজনৈতিক, পারিবারিক, অহিংসতা, গণতন্ত্র, শিক্ষা, অগ্নিকান্ড, আইনশৃংখলার অবনতি, নারী নির্যাতন, অস্ত্র উদ্ধার, চুরি-ডাকাতি, সভা সেমিনার, যৌথবাহিনীর অভিযান, কৃষি সমস্যা, চাঁদাবাজিসহ বিভিন্ন ধরনের প্রতিবেদন প্রকাশ করেছেন সাংবাদিকরা ২০০৭-এর মার্চ-এপ্রিল মাসে।

জরুরি অধ্যাদেশ, স্বজনপ্রীতি, আইনগত নিষেধাজ্ঞার কারণে আইনশৃংখলা বাহিনীর দুর্বলতা বিষয়ক রিপোর্ট প্রকাশ থেকে বিরত থেকেছেন সাংবাদিকরা।

তথ্য সংগ্রহের ক্ষেত্রে সাংবাদিকরা অফিস আদালত বা প্রতিষ্ঠান থেকে বাধার সম্মুখীন হয়েছেন। জরুরি অধ্যাদেশ এবং অফিসিয়াল সিক্রেক্টস অ্যাক্টের অজুহাতে কিছু অফিস আদালত তথ্য প্রদানের বিষয়টি এড়িয়ে যাচ্ছেন। আমাদের নোয়াখালী প্রতিনিধি জানান, ভোলা দ্বীপের বাইরে চরাঞ্চলের একটি রিপোর্ট প্রকাশের পর সেখানকার জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অফিসিয়াল সিক্রেক্টস অ্যাক্টের বরাত দিয়ে কোন সাক্ষাৎকার দিতে রাজি হননি।

মার্চ মাসে বরগুনা জেলা জজ আদালতে জঙ্গি মামলার রায়ের সংবাদ সংগ্রহের জন্য সংবাদের জেলা প্রতিনিধি চিত্তরঞ্জন শীল, আরটিভির জেলা প্রতিনিধি মুশফিকুল ইসলাম আরিফ, একজন পুলিশ কনষ্টেবল ও জেলা জজ কর্তৃক লাঞ্ছিত হয়েছেন। তবে ফেনী, ঝালকাঠি ও পিরোজপুরের কোথাও থেকে কোন প্রকার বাধার সম্মুখিন হননি সাংবাদিকরা। বিশেষ করে তত্ত্বাবধায়ক সরকার আসার পরে এবং বর্তমানে আইন শৃংখলা উন্নতির কারণে তথ্য পেতে তেমন সমস্যা হয়না জানালেন উক্ত জেলার সংবাদদাতারা।

রিপোর্ট প্রকাশের ফলে এ দু'মাসে নেতিবাচক কিছু প্রভাব থাকলেও সাংবাদিকরা জানান, এসময়ে ইতিবাচক সংবাদ বেশি প্রকাশ করা হয়েছে। আইন প্রয়োগকারী সংস্থাগুলো ব্যবস্থা নিতে সহায়ক হিসেবে সংবাদপত্রকে মূল সোর্স হিসেবে ব্যবহার করেছে। প্রকাশিত রিপোর্টের ভিত্তিতে বেসরকারি সংস্থা 'রূপান্তর' কর্তৃক জোরপূর্বক দেহব্যবসায় বাধ্য করতে চাওয়া এক নারীকে উদ্ধার, মুহুরী-কহুয়া বাঁধ নির্মাণ প্রকল্পে ক্ষতিগ্রস্থদের পূনর্বাসন, সোনাপুর হাইস্কুলের নিম্নমানের কাজ বন্ধ করে ডিসির আদেশে কর্তৃপক্ষের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণ, গর্ভপাত ঘটাতে গিয়ে বিধবার মৃত্যুতে লাশ উত্তোলন ও ময়নাতদন্ত, এসএসসি ও দাখিল পরীক্ষার কেন্দ্র-ফি'র নামে লুটপাট বন্ধ এসব কার্যক্রম সম্পন্ন হয়।

সাংবাদিকদের মধ্যে ঐক্য না থাকায় কোন কোন ক্ষেত্রে কিছু প্রভাবশালী ও রাজনৈতিক দল সাংবাদিকদের দিয়ে তাদের নিজস্ব ফায়দা লুটেছেন বলে তারা ক্ষোভ প্রকাশ করেছেন। তবে প্রেস ক্লাব বা সাংবাদিক সংগঠনগুলোর মধ্যে ঐক্য না থাকলেও স্থানীয় প্রশাসন, পুলিশ প্রশাসন, ব্যবসায়ী সম্প্রদায়ের সঙ্গে সাংবাদিকদের সুসম্পর্ক রয়েছে বলে দাবি করেছেন। এলাকায় সাংবাদিকদের ওপর চরমপন্থীদের তৎপরতা ছিল না বলে অভিমত দিয়েছেন ৭ জেলার প্রতিনিধি। তবে বাগেরহাট প্রতিনিধি জানান, তথাকথিত চরমপন্থী হিসেবে পরিচিত শোয়েব নামে এক ব্যক্তি নারী নির্যাতন করে ও কয়েকজন সাংবাদিকের সাহায্য নিয়ে প্রেস কনফারেন্সের আয়োজন করে ঐ নারীকে অপদস্থ করে।

ফেনী জেলা ব্যতিত এ সময়ে সাংবাদিকদের পেশাগত উন্নয়ন ও সংবাদপত্রের মানোন্নয়নে টিআইবি, সচেতন নাগরিক কমিটিসহ বিভিন্ন বেসরকারী প্রতিষ্ঠান এবং ম্যাস্-লাইন মিডিয়া সেন্টার (এমএমসি) তৎপর ছিল। তারা এ বিষয়ে সভা, সেমিনার, প্রশিক্ষণ, মতবিনিময় সভা ও র‍্যালী করেছে। নোয়াখালীতে পিআইবি বার্ড ফ্লু বিষয়ে সচেতনতার জন্য ৩ দিনের একটি কর্মশালার আয়োজন করে। এ সময়ে কয়েকটি জেলায় বিশ্ব মুক্ত গণমাধ্যম দিবস পালন করা হয়েছে।